| কাস্টম হাউস, চট্টগ্রাম<br>কমিশনার দপ্তর | তারিখ ঃ<br>সময় ঃ |
|---|---|
| ☐ জরুরী<br>☐ অতীব জরুরী<br>☐ জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন<br>☐ জরুরী নথিতে উপস্থাপন করুন<br>☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন<br>☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>☐ বর্তমান অবস্থা অবহিত করুন<br>☐ আইনানুগ ব্যবস্থা নিন<br>☐ আলোচনা করুন | ☐ আজই উপস্থাপন করুন/ব্যবস্থা নিন<br>☐ দ্রুত মতামতসহ পেশ করুন।<br>☐ কার্যদিবসের মধ্যে উপস্থাপন করুন/আইনানুগ ব্যবস্থা নিন।<br>☐ অনুমোদিত<br>☐ জরুরী ভিত্তিতে নথিটি তলব করে আনুন। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[বিশেষ আদেশ]

নং- ১৯৩/২০১৮/শুল্ক/ ২৬৭ তারিখ ঃ ০৩/০৫/২০১৮খ্রিঃ।

বিষয় ঃ বিনামূল্যে বা **Free of Cost (FOC)** এর ভিত্তিতে আমদানিকৃত ও অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল ছাড়করণ ।

সূত্র ঃ ০১। জাতীয় রাজস্ব বোর্ড , ঢাকা এর এসআরও নং -১৫৩-আইন/৯৩/১৫২০/বন্ড লাইঃ , তারিখ ঃ ০৩/০৮/১৯৯৩;
০২। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর নথি নং-৩(১) শুল্কঃ রপ্তানি ও বন্ড /২০০১/৭০২(১), তারিখ ঃ ১৩/১২/২০০৩;
০৩। কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র নং-এস-২-৪০/বিবিধ/সাবটিম-১২/২০০১-০৮(অংশ-৩)/৮৬০৭, তাং-২৬/০৪/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিদ্যমান আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এবং সূত্রোক্ত পত্রসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, শতভাগ রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট বছরের পূর্ববর্তী বছরে (জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত) রপ্তানীকৃত পণ্যের এক-তৃতীয়াংশ পণ্য তৈরি করতে যে পরিমান কাঁচামাল প্রয়োজন সে পরিমান কাঁচামাল বিনামূল্যে বা Free of Cost (FOC) ব্যাক টু ব্যাক ঋণপত্র ব্যাতিরেকে আমদানির সুযোগ রয়েছে, কিন্তু অনেক রপ্তানিমূখী পোষাকশিল্প প্রতিষ্ঠান Free of Cost (FOC) এর আওতায় প্রাপ্যতার অধিক কাঁচামাল আমদানি করেছে যা বিদ্যামান আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এবং সূত্রোক্ত পত্রের আদেশ অনুযায়ী খালাস দেওয়ার সুযোগ নেই।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ) এর অনুরোধক্রমে রপ্তানির স্বার্থে বিশেষ বিবেচনায় সাময়িক ব্যবস্থা হিসেবে The Customs Act, 1969 এর Section 13(2)(C) এবং Section 219(B) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বিনামূল্যে বা Free of Cost (FOC) এর ভিত্তিতে কেবলমাত্র সদ্য আমদানিকৃত ও অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল (ইতোমধ্যে জাহাজীকরণকৃত মালামালসহ) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খালাস করণের জন্য সম্মতি জ্ঞাপন করছেঃ

(ক) Free of Cost (FOC) এর ভিত্তিতে আমদানিকৃত যে সকল তৈরী পোশাক শিল্পের কাঁচামালের চালান অনুমোদিত এক-তৃতীয়াংশ সীমার মধ্যে রয়েছে, সে সমস্ত কাঁচামালের চালান ইতোমধ্যে ছাড় করা না হয়ে থাকলে, তা অবিলম্বে ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) অনুচ্ছেদ-৩(ক) ব্যতীত Free of Cost (FOC) এর ভিত্তিতে আমদানিকৃত ও অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল (ইতোমধ্যে জাহাজীকরণকৃত মালামালসহ), যাহা অনুমোদিত সীমার অতিরিক্ত, উক্ত চালানসমূহ ছাড়করণের ক্ষেত্রে বিজিএমইএর প্রত্যয়ন পত্র, লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র, ইউডি এবং এতদসংশ্লিষ্ট রপ্তানি আদেশের কপি সংশ্লিষ্ট কাস্টম হাউজে দাখিল করতে হবে;

(গ) প্রাপ্ত বিজিএমইএর প্রত্যয়ন পত্র, লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র, ইউডি এবং এতদসংশ্লিষ্ট রপ্তানি আদেশের কপি যাচাই সাপেক্ষে সঠিক বা সন্তোষজনক পাওয়া গেলে Free of Cost (FOC) এর ভিত্তিতে পোশাক শিল্পের উল্লিখিত কাঁচামাল এবারের মত ছাড়করণ করা হবে;

(ঘ) তবে লক্ষ্য রাখতে হবে যে, খালাসকৃত কাঁচামালসমূহের দ্বারা প্রস্তুতকৃত তৈরী পোশাক যথাযথভাবে রপ্তানি না হলে আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য শুল্ক কর আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(ঙ) Free of Cost (FOC) এর ভিত্তিতে কেবলমাত্র উপরে উল্লিখিত অখালাসকৃত পোশাক শিল্পের কাঁচামাল ছাড়করণের পর পরবর্তীতে আমদানিকৃত চালানসমূহ খালাস প্রদানের ক্ষেত্রে বিদ্যমান বিধিমালার বিধানসমূহ প্রযোজ্য হবে ;

(চ) তবে, বন্ধ অথবা অস্তিত্বহীন তৈরী পোশাক শিল্প কারখানার ক্ষেত্রে উপরোক্ত বিশেষ আদেশ কোনক্রমেই প্রযোজ্য হবে না।

০৩/০৫/১৮

(ফরিদা ইয়াসমীন)
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)

প্রাপক ঃ

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
**(পরবর্তী গেজেটে প্রকাশিতব্য)**

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.০২.০০৮.১৪/ ১৮৭ (এক্স-১৪) তারিখ ঃ ০৩/০৫/২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, ৬০, মতিঝিল, বা/এ, ঢাকা।
২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
৩। সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪-১০। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মোংলা/আইসিডি (কমলাপুর)/পানগাঁও, ঢাকা।
১১-১২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
১৩। পি. এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৪-১৫। অফিস কপি/গার্ড কপি।

০৩/০৫/১৮

(ফরিদা ইয়াসমীন)
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)

০/c

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম ।

নথি নং-এস২-৪০/বিবিধ/সাবটিম-১২/২০০১-০৮(অংশ-৩)/ ৯৩০৮(১)-কাস, তারিখ ঃ-০৩/০৫/২০১৮

পৃষ্ঠাঙ্কন কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) প্রেরণ করা হলো ঃ-

১। এডিশনাল কমিশনার-১/২/৩, কাস্টম হাউস, চট্টগ্রাম ।
২। জয়েন্ট কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম ।
৩। সিস্টেম এনালিষ্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম ।
৪। ডেপুটি/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম ।
৫। সহকারী প্রোগ্রামার (সকল), কাস্টম হাউস, চটগ্রাম ।
৬। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম ।
৭। সিনিয়র রাসায়নিক সহকারী (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম ।
৮। শাখা প্রধান (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম ।
৯। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চটগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
১০। অফিস কপি ।

(স্বাক্ষরিত) ৩/৫/১৮

(ফাতেমা খায়রুন নূর)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে ।